# আপনি জানেন কি ?

## আপনারও রয়েছে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের সুযোগ !

সুখে ভরবে আগামী দিন
পেনশন এখন সর্বজনীন




" যারা পেনশনের আওতায় ছিলেন না তাদের জন্য সর্বজনীন পেনশন স্কিম চালু করা হয়েছে, যাতে করে তারা সম্মানজনকভাবে বাঁচতে পারেন। এ স্কিমে অংশগ্রহণ তাদেরকে সামাজিক মর্যাদার পাশাপাশি আর্থিক সুরক্ষা দিবে। "

- মাননীয় প্রধানমন্ত্রী

**প্রবাস স্কিম**

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক চাঁদার অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে জমা প্রদান করে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের তথ্য দিয়ে নিবন্ধন করতে পারবেন।
মাসিক জমার পরিমাণ ২০০০, ৫০০০, ৭৫০০ ও ১০০০০ টাকা।

**সুরক্ষা স্কিম**

স্বকর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য এ স্কিম। কৃষক, রিকশাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতি, ব্যবসায়ী, গৃহিণীসহ সব অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত ব্যক্তিগণ নির্ধারিত হারে চাঁদা প্রদান করে এ স্কিমে যুক্ত হতে পারবেন।
মাসিক জমার পরিমাণ ১০০০, ২০০০, ৩০০০ ও ৫০০০ টাকা।

**প্রগতি স্কিম**

বেসরকারি প্রতিষ্ঠানের মালিক ও কর্মচারীদের জন্য এই স্কিম। প্রাতিষ্ঠানিকভাবে অথবা নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে যুক্ত হওয়া যাবে। প্রতিষ্ঠান হিসেবে স্কিমে যোগ দিলে স্কিমের চাঁদার ৫০ শতাংশ কর্মী এবং বাকি অংশ প্রতিষ্ঠান দিবে।
মাসিক জমার পরিমাণ ২০০০, ৩০০০, ৫০০০ ও ১০০০০ টাকা।

**সমতা স্কিম**

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী (যাদের আয়সীমা বাৎসরিক অনূর্ধ্ব ৬০ হাজার টাকা) স্বল্প আয়ের নাগরিকগণের জন্য এ স্কিম। সমতা স্কিমে মাসিক চাঁদার হার ১০০০ টাকা, যার মধ্যে চাঁদাদাতার জমার পরিমাণ ৫০০ টাকা এবং বাকি ৫০০ টাকা দিবে সরকার।

**জাতীয় পেনশন কর্তৃপক্ষ**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪৩, কাকরাইল, ঢাকা- ১০০০

হটলাইনঃ +৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

নিবন্ধন করতে ভিজিট করুন
www.upension.gov.bd

---

## সর্বজনীন পেনশন স্কিমের বৈশিষ্ট্য

- সর্বজনীন পেনশন স্কিমে ১৮ থেকে ৫০ বছর বয়সী সকল বাংলাদেশি নাগরিক অংশ নিতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- জাতীয় পরিচয় পত্রের (NID) ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশন করা হলে আবেদনকারীর অনুকূলে একটি ইউনিক পেনশনার আইডি প্রদান করা হবে। NID না থাকলেও পাসপোর্ট নাম্বার ব্যবহার করে প্রবাস স্কিমে রেজিস্ট্রেশন করা যাবে।
- দেশে অবস্থানরত আবেদনকারীর মোবাইল নম্বর ও প্রবাসীদের ইমেইলের মাধ্যমে ইউনিক আইডি নম্বর, OTP, জমার পরিমাণ এবং মাসিক জমা প্রদানের তারিখ অবহিত করা হবে।
- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ তাঁর পরিবারের ১৮ বা তদুর্ধ্ব এক বা একাধিক সদস্যের (যেমন- স্বামী, স্ত্রী, বাবা, মা, ভাই, বোন) নামে উক্ত ব্যক্তির জন্য প্রযোজ্য স্কিমে নিবন্ধন করে মাসিক চাঁদা প্রদান করতে পারবেন।
- প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ credit card, debit card, এক্সচেঞ্জ হাউজ ও ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে মাসিক চাঁদার টাকা কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করতে পারবেন।
- অন্যান্য স্কিমের মাসিক জমা নির্ধারিত ব্যাংকের কাউন্টারে সরাসরি, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে দেওয়া যাবে।
- সর্বজনীন পেনশন স্কিমে প্রদত্ত জমার বিপরীতে বিনিয়োগ কর রেয়াত পাওয়া যাবে এবং মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- মাসিক পেনশনের টাকা পেনশনারের ব্যাংক একাউন্টে বা মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ ইত্যাদি) স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- পেনশনযোগ্য বয়সে উপনীত হলে চাঁদাদাতা আজীবন পেনশন ভোগ করবেন।
- চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- জমার টাকা ট্রেজারি বিল, ট্রেজারি বন্ডসহ কম ঝুঁকিপূর্ণ লাভজনক খাতে বিনিয়োগ করা হবে।
- পেনশন স্কিম, স্কিমে চাঁদার পরিমাণ, ও নমিনি যেকোনো সময় পরিবর্তন করা যাবে। তবে, পেনশনার আইডি অপরিবর্তিত থাকবে।

FAQ

**জাতীয় পেনশন কর্তৃপক্ষ**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪৩, কাকরাইল, ঢাকা- ১০০০

## সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধন প্রক্রিয়া

1. সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে (www.upension.gov.bd) প্রবেশ করুন
2. রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন
3. এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন
   **অথবা**
   এনআইডি না থাকলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ পাসপোর্ট নম্বর, জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন
4. ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা
5. ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর
6. নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন
7. সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন। সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন
8. পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন
9. পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং মোবাইল ও ই-মেইলে (প্রবাসীদের জন্য) প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)
10. পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন
11. পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমান পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে

/National Pension Authority

www.upension.gov.bd

CamScanner



# সর্বজনীন পেনশন স্কিম



## প্রবাস স্কিম



## প্রবাস স্কিমে অংশগ্রহণ, দেশে ফিরে সুন্দর জীবন

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক চাঁদার অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে জমা প্রদান করে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের তথ্য দিয়ে নিবন্ধন করতে পারবেন।

| মাসিক জমার হার | ২,০০০ টাকা | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৮০১ | ১,৭২,০২৭ | ২,৫৮,৪৮১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ৫৮,৪০০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ২৪,৮০২ | ৬২,০০০ | ৯৩,৪৮৫ | ১,২৪,৩৬০ |
| ২৫ | ১৫,১১০ | ৩৭,৭৭৪ | ৫৬,৬৬১ | ৭৬,৫৪৮ |
| ২০ | ৯,৮৫৪ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ৫,৭৮৮ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ৩,০৬০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |

- প্রবাসে বসবাসরত ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'প্রবাস' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ তাদের জাতীয় পরিচয়পত্র (NID)/ পাসপোর্ট নম্বর ব্যবহার করে 'প্রবাস' স্কিমে রেজিস্ট্রেশন করতে পারবেন।
- 'প্রবাস' স্কিমে রেজিস্ট্রেশন সম্পন্ন করলে প্রবাসীদের ইমেইলের মাধ্যমে ইউনিক আইডি নম্বর, OTP, জমার পরিমাণ এবং মাসিক জমা প্রদানের তারিখ অবহিত করা হবে।
- 'প্রবাস' স্কিমে সরাসরি বৈদেশিক মুদ্রায় প্রেরিত মাসিক জমার বিপরীতে সরকার ঘোষিত হারে প্রণোদনা পাওয়া যাবে এবং প্রণোদনার অর্থ তার হিসাবে যোগ হবে।



- প্রবাসী বাংলাদেশি নাগরিকগণ credit card, debit card, এক্সচেঞ্জ হাউস এবং ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রদান করেন, সে একাউন্ট হতে মাসিক চাঁদার টাকা কর্তৃপক্ষের নির্ধারিত ব্যাংকে হিসাবে জমা করতে পারবেন।
- সর্বজনীন পেনশন স্কীমে প্রদত্ত জমার বিপরীতে বিনিয়োগ কর রেয়াত পাওয়া যাবে এবং মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমন: বিকাশ, নগদ , ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- 'প্রবাস' স্কিমে চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/ নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছর হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- 'প্রবাস' স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।

## প্রবাস স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে (www.upension.gov.bd) প্রবেশ করুন

▼

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন

▼

এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন
অথবা
এনআইডি না থাকলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ পাসপোর্ট নম্বর, জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

▼

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা

▼

ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর

▼

নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন

▼

শেষ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন। সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন

▼

পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন

▼

পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং ইমেইলে প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)

▼

পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে লগইন বাটনে ক্লিক করুন

▼

পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমাণ পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে

▼

আপনার সুবিধার্থে সর্বজনীন পেনশনের পরিচয়পত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন







সর্বজনীন পেনশন স্কিম

সমতা স্কিম



## সমতা স্কিমের নিশ্চয়তা, সরকার দেবে সহায়তা

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী স্বল্প আয়ের নাগরিকগণ যাদের বার্ষিক আয় অনূর্ধ্ব ৬০ হাজার টাকা তাদের জন্য 'সমতা' স্কিম।'সমতা' স্কিমে মাসিক চাঁদার হার ১০০০ (এক হাজার) টাকা, যার মধ্যে চাঁদাদাতার জমার পরিমাণ ৫০০ (পাঁচশত) টাকা এবং বাকি ৫০০ (পাঁচশত) টাকা সরকার প্রদান করবেন।

| মাসিক জমার হার | ১,০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ টাকা + সরকারি অংশ ৫০০ টাকা) |
|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ |
| ৪০ | ২৬,২০০ |
| ৩৫ | ১৬,১৮৭ |
| ৩০ | ১২,৪৬৬ |
| ২৫ | ৭,৯৫৫ |
| ২০ | ৪,৯২৭ |
| ১৫ | ২,৮৯৪ |
| ১০ | ১,৫০০ |

- ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'সমতা' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- জাতীয় পরিচয়পত্রের (NID) ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে 'সমতা' স্কিমে যুক্ত হওয়া যাবে।
- পেনশনার আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- 'সমতা' স্কিমে অংশগ্রহণের জন্য বাৎসরিক আয়ের সনদের প্রয়োজন নেই।
- 'সমতা' স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।



- 'সমতা' স্কিমে মাসিক চাঁদা সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, সিটি ব্যাংক ও ব্র্যাক ব্যাংকের যেকোনো শাখায় সরাসরি জমা দেওয়া যাবে। এছাড়াও মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক চাঁদা প্রদান করা যাবে।
- চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ , ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।

## সমতা স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

1. সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে (www.upension.gov.bd) প্রবেশ করুন
2. রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন
3. এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন
4. ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা
5. ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর
6. নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন
7. সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন। সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন
8. পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন
9. পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং মোবাইলে প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)
10. পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন
11. পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমাণ পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে
12. আপনার সুবিধার্থে সর্বজনীন পেনশনের পরিচয়পত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন



CamScanner




## কৃষক শ্রমিক জেলে তাঁতী, পেনশন স্কিমে সবাই মাতি

স্বকর্মে নিয়োজিত নাগরিকদের জন্য এ স্কিম। কৃষক, রিকশাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতি, ব্যবসায়ী, গৃহিণীসহ সব অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত ব্যক্তিগণ নির্ধারিত হারে চাঁদা প্রদান করে এ স্কিমে যুক্ত হতে পারবেন।

| মাসিক জমার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ২৮,৭০০ | ৫৭,৪০০ | ৮৬,১০১ | ১,৪৩,৫০১ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩১ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ৭,৮৫৫ | ১৫,৭১০ | ২৩,৫৬৪ | ৩৯,২৭৪ |
| ২০ | ৪,৯১৭ | ৯,৮৩৪ | ১৪,৭৫০ | ২৪,৫৮৪ |
| ১৫ | ২,৮৬৮ | ৫,৭৩৬ | ৮,৬০৪ | ১৪,৩৪২ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |

- স্বকর্মে নিয়োজিত ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'সুরক্ষা' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- জাতীয় পরিচয়পত্রের (NID) ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে 'সুরক্ষা' স্কিমে যুক্ত হওয়া যাবে।
- 'সুরক্ষা' স্কিমে মাসিক চাঁদা সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, সিটি ব্যাংক ও ব্র্যাক ব্যাংকের যেকোনো শাখায় সরাসরি জমা দেওয়া যাবে। এছাড়াও মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক চাঁদা প্রদান করা যাবে।
- পেনশনার আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।

www.upension.gov.bd

/National Pension Authority

জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

FAQ

হটলাইন: +৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(অফিস চলাকালীন সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

- চাঁদাদাতা, নিজের এবং পরিবারের সদস্যগণের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য, প্রয়োজনে, তহবিলে কেবল তার জমাকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ঋণ হিসাবে উত্তোলন করতে পারবেন। এই অর্থ কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফিসহ সর্বোচ্চ ২৪ (চব্বিশ) কিস্তিতে পরিশোধ করতে হবে এবং সমুদয় অর্থ চাঁদাদাতার হিসাবে জমা হবে।
- পেনশনার পেনশন ভোগরত অবস্থায় ৭৫ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনারের বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- সর্বজনীন পেনশন স্কিমে প্রদত্ত জমার বিপরীতে বিনিয়োগ কর রেয়াত পাওয়া যাবে এবং মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনারের ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমন: বিকাশ, নগদ , ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।
- 'সুরক্ষা' স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।

## সুরক্ষা স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে (www.upension.gov.bd) প্রবেশ করুন
▼
রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন
▼
এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন
▼
ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা
▼
ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর
▼
নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন
▼
চেক বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন । সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন
▼
পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন
▼
পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং মোবাইলে প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)
▼
পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন
▼
পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমাণ পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে
▼
আপনার সুবিধার্থে সর্বজনীন পেনশনের পরিচয়পত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন

জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪৫, কাকরাইল, ঢাকা -১০০০




www.upension.gov.bd




## চাকরি করি বেসরকারি পেনশন স্কিমে আমিও আছি

বেসরকারি প্রতিষ্ঠানের মালিক ও কর্মকর্তা/কর্মচারীদের জন্য এ সুবিধা। প্রাতিষ্ঠানিকভাবে অথবা নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে যুক্ত হওয়া যাবে। প্রতিষ্ঠান হিসেবে স্কিমে যোগ দিলে মাসিক জমার ৫০ শতাংশ কর্মকর্তা/কর্মচারী এবং বাকি অংশ প্রতিষ্ঠান দিবে।

| মাসিক জমার হার | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ | ৪৯,২৬৮ |
| ১৫ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ | ২৮,৯৪৪ |
| ১০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ | ১৫,৩০২ |

- ১৮ থেকে ৫০ বছর বয়সের কর্মকর্তা/কর্মচারী প্রগতি স্কিমে অংশগ্রহণ করতে পারবেন এবং ৬০ বছর পূর্তিতে পেনশন প্রাপ্য হবেন। তবে বিশেষ বিবেচনায় ৫০ বছরের উর্ধ্বে কেউ অংশগ্রহণ করলে তাকে নিরবচ্ছিন্নভাবে ১০ বছর চাঁদা প্রদান করতে হবে।
- পেনশনারগণ আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- পেনশনে থাকাকালীন ৭৫ (পঁচাত্তর) বছর পূর্ণ হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে পেনশনারের নমিনি অবশিষ্ট সময়কালের (মূল পেনশনারের বয়স ৭৫ বছর পর্যন্ত) জন্য মাসিক পেনশন প্রাপ্য হবেন।



- চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তার নমিনি বা নমিনিগণকে ফেরত দেয়া হবে।
- সর্বজনীন পেনশনের প্রগতি স্কিমে প্রদত্ত মাসিক জমার বিপরীতে কর রেয়াত পাওয়া যাবে ও মাসিক পেনশন আয়কর মুক্ত থাকবে।
- কোন প্রতিষ্ঠান স্কিমে অংশগ্রহন করলে কর্মী এবং প্রতিষ্ঠানের জন্য ধার্যকৃত মাসিক চাঁদা প্রাতিষ্ঠানিক ভাবে প্রতিষ্ঠান কর্তৃক একত্রে তহবিলে জমা করতে হবে।
- পেনশন প্রাপ্তির ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে তার ব্যাংক এ্যাকাউন্টে মাসিক পেনশনের টাকা জমা হবে।

## প্রগতি স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি

### প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন পদ্ধতি

1. প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন মেনু ক্লিক করুন।
2. প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন তথ্য প্রদান করুন।
3. সকল তথ্য যথাযথ ভাবে প্রদান করা হলে সাবমিট করুন।
4. ইউজার পাসওয়ার্ড সেট করুন।
5. রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। এবার লগইন করুন।

### কর্মকর্তা/কর্মচারী রেজিস্ট্রেশন পদ্ধতি

1. প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করে, কর্মীদের নিজ নিজ রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশনা দিন।
2. কর্মীরা সাধারণ পেনশনের নিয়মে তাঁদের এনআইডি দিয়ে রেজিস্ট্রেশন করবে। পেমেন্ট করার প্রয়োজন নেই, শুধু আবেদন সাবমিট করতে হবে।
3. কর্মীদের রেজিস্ট্রেশন শেষ হলে তাঁরা তাঁদের এনআইডির কপি প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির কাছে জমা প্রদান করবে।
4. দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি ওয়েবসাইটে লগইন করে এনআইডির কপি ব্যবহার করে আবেদনকারীকে প্রতিষ্ঠানের কর্মী হিসেবে সংযুক্ত করবেন।

### মাসিক জমা প্রদানের পদ্ধতি

1. দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি পেনশন ওয়েব সাইটে লগইন করে প্রতিমাসে প্রতিষ্ঠানে সংযুক্ত সকল কর্মীর পেমেন্ট হিসাব তৈরি করবেন। তৈরিকৃত পেমেন্ট স্লিপ প্রিন্ট করে নিবেন।
2. জাতীয় পেনশন কর্তৃপক্ষের মনোনীত ব্যাংকে টাকা পরিশোধ করতে হবে।
3. ব্যাংকের মাধ্যমে টাকা পরিশোধ হলে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মীদের পেনশন তহবিলে টাকা জমা হয়ে যাবে। কর্মীরা নিজ নিজ পেনশন ড্যাশবোর্ডে জমাকৃত টাকার প্রতিফলন দেখতে পাবেন।

www.upension.gov.bd search

www.upension.gov.bd facebook.com/National Pension Authority
জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়


CamScanner